



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে “দুর্যোগ মোকাবেলায় বঙ্গবন্ধুর অবদান” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়

৬ অক্টোবর ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবর্ষ উপলক্ষে “দুর্যোগ মোকাবেলায় বঙ্গবন্ধুর অবদান” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ ৬ অক্টোবর বিকাল ৪টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের আয়োজনে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন অধ্যাপক ড. আইনুন নিশাত ইমেরিটাস অধ্যাপক পানি সম্পদ ও জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ সাবেক উপাচার্য ব্রাক বিশ্ববিদ্যালয়। স্বাগত বক্তব্য রাখেন কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক ড. হাফিজ আশরাফুল হক। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন ভৌগোলিকভাবে বাংলাদেশ দুর্যোগ প্রবণ দেশ। বঙ্গবন্ধু বাল্য বেলা থেকেই দুর্যোগ প্রবণ বাঙালির ভাগ্য উন্নয়ন কিভাবে করা যায় সে বিষয়ে চিন্তা করতেন। বঙ্গবন্ধু মাত্র সাড়ে তিন বছরে একটি যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠন করেছেন। বঙ্গবন্ধু প্রথম দুর্যোগ মোকাবেলায় উপকূলীয় এলাকায় প্রায় সাড়ে তিন হাজার সাইক্লোন শেল্টার নির্মাণ করেছিলেন। উপকূলীয় এলাকায় দুর্যোগ মোকাবেলায় গবাদি পশু সুরক্ষায় মাটির উঁচু টিপি নির্মাণ করেন। যা মুজিব ব্যবস্থা নামে পরিচিত। ভার্চুয়াল এ আলোচনা সভায় প্রধান আলোচক অধ্যাপক ড. আইনুন নিশাত বলেন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় বঙ্গবন্ধুর অনেক অবদান রয়েছে। নদীর প্রবাহ ঠিক রাখার লক্ষ্যে নদী খনন, পরিকল্পিত বাঁধ নির্মাণ, পরিবেশের ভারসাম্য রক্ষায় বনায়ন এবং দুর্যোগ সহনশীল চাষাবাদ ব্যবস্থা প্রবর্তনেও বঙ্গবন্ধুর অবদান রয়েছে। তরুণ প্রজন্মের উদ্দেশ্যে প্রধান আলোচক আরও বলেন বঙ্গবন্ধুর সঠিক ইতিহাস জানতে হলে তার সম্পর্কে বেশি বেশি পড়তে হবে। আর তাহলেই বঙ্গবন্ধুর আদর্শে নিজেকে উজ্জীবিত করে তোমরা এগিয়ে যেতে পারবে। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ সংযুক্ত ছিলেন। ভার্চুয়াল আলোচনা সভাটি সঞ্চালনা করেন কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের প্রভাষক তাসনিম যেরিন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস